DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD.

Office of the Director (Operation)
House-22/B, Faruque Sawrani
Nikunja-2, Dhaka-1229.
Tel. : 88-02-8900110, 88-02-8900111.
Fax : 88-02-8900100.

S & D Dakshinkhan Division
D E S C O
Received No. 611
Date 22/03/12

তারিখ ঃ মার্চ ২১, ২০১২ ইং।
মেমো নং ঃ DESCO/D(O)/ADMIN-A(9)/INT-M/2012/ 911

বিষয় ঃ ডেসকো'র খুচরা বিদ্যুৎ মূল্যহার বৃদ্ধি করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক জারীকৃত আদেশের শর্তসমূহ কার্যকরন সংক্রান্ত সভার কার্যবিবরনী।

গত ১৯/০৩/২০১২ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় অত্র কোম্পানীর প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে **"ডেসকো'র খুচরা বিদ্যুৎ মূল্যহার বৃদ্ধি করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক জারীকৃত আদেশের শর্তসমূহ কার্যকরন"** সংক্রান্ত একটি আলোচনা সভা সভা অনুষ্ঠিত হয়। সভায় সংযুক্ত তালিকা অনুযায়ী কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানিয়ে পর সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভায় **কমিশন কর্তৃক জারীকৃত আদেশের শর্তসমূহ** কার্যকরনের বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্রঃ নং		পদক্ষেপ/টাস্ক	নির্দেশনা প্রতিপালনের সিডিউল	বাস্তবায়নকারী	মন্তব্য
১।		ডেসকো প্রত্যেক গ্রাহকশ্রেনীর ধাপওয়ারী বিদ্যুৎ বিক্রয়ের পরিমাণ (কিঃওঃঘঃ), বিদ্যুৎ বিক্রয় থেকে অর্জিত রাজস্ব যথা এনার্জি চার্জ, ন্যুনতম চার্জ, ডিমান্ড চার্জ এবং সার্ভিস চার্জ পৃথক পৃথক ভাবে সংরক্ষণ করবে এবং পরবর্তীতে কমিশন কর্তৃক প্রেরিত নির্ধারিত ফরম্যাট-এ মাসভিত্তিতে কমিশনে প্রেরণ করতে হবে।	পূর্ববর্তী মাসের (ফেব্রুয়ারী/২০১২ থেকে) যাচিত তথ্যাবলী পরবর্তী মাসের শেষ তারিখের মধ্যে সংযুক্ত "Annexure-1" অনুযায়ী কমিশনে প্রেরণ করতে হবে।	বিওবি বিভাগীয় প্রধানগণ প্রতিমাসের ১২ তারিখের মধ্যে DGM (ICT) বরাবর প্রেরণ করবেন এবং DGM (ICT) নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে তথ্য প্রেরণ করবেন।	মাস-ভিত্তিক তথ্য প্রেরণ করতে হবে।
২।		টেকনিক্যাল লস এবং নন-টেকনিক্যাল লস পৃথকভাবে নির্ণয়ের জন্য কর্মসূচী গ্রহণ করতে হবে এবং কমিশনকে অবহিত করতে হবে।	গৃহীত কর্মসূচী কমিশনকে ৩০ এপ্রিল, ২০১২ তারিখের মধ্যে অবহিত করতে হবে।	বিওবি বিভাগীয় প্রধানগণ টেকনিক্যাল লস এবং নন-টেকনিক্যাল লস পৃথকভাবে নির্ণয়ের জন্য কর্মসূচী আগামী এপ্রিল ১০ তারিখের মধ্যে GM (NO) বরাবর প্রেরণ করবেন এবং GM (NO) নিম্নস্বাক্ষরকারীর সাথে আলোচনা করে নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে তথ্য প্রেরণ করবেন।	
৩।	ক)	দক্ষ ভান্ডার ব্যবস্থাপনা প্রতিষ্ঠার লক্ষ্যে অতীতের মালামাল ব্যবহারের ধারা পর্যালোচনা করে স্বচ্ছ নীতিমালা প্রণয়ন করে সে মোতাবেক Slow Moving Items এবং Fast Moving Items ক্রয় করে ভান্ডারের সংরক্ষণ করতে হবে। মালামাল ক্রয় এবং তা ব্যবহারের জন্য স্বচ্ছ নীতিমালা প্রণয়ন করে কমিশনে দাখিল করতে হবে।	মালামাল ক্রয় এবং তা ব্যবহারের জন্য স্বচ্ছ নীতিমালা প্রণয়ন করে কমিশনে ৩০ জুন, ২০১২ তারিখের মধ্যে দাখিল করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে তথ্য প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।	
	খ)	প্রতি বছর ইনভেন্টরীর অনুলিপি কমিশনে প্রেরণ করতে হবে।	২০১১-১২ সালের ইনভেন্টরীর অনুলিপি কমিশনে ৩০ আগষ্ট, ২০১২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে তথ্য প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।	প্রতি বছর দাখিল করতে হবে।
	গ)	প্রতিটি আইটেমের পূর্বের ৫(পাঁচ) বছরের ব্যবহারের ধারা (Trend of Utilization) কমিশনকে প্রদান করতে হবে।	কমিশনে ৩০ আগষ্ট, ২০১২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে তথ্য প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।	

চলমান পাতা-২।

ক্রঃ নং		পদক্ষেপ/টাস্ক	নির্দেশনা প্রতিপালনের সিডিউল	বাস্তবায়কারী	মন্তব্য
৪।		কমিশন সকল বিতরণ সংস্থার জন্য ৫% হারে বিলম্ব পরিশোধ মাশুল ধার্য করেছে। বিলম্ব পরিশোধ মাশুলসহ বিল পরিশোধের জন্য ডেসকো গ্রাহকদেরকে একমাস সময় প্রদান করবে এবং এ সময় অন্তে সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়টি বিলে উল্লেখ করবে এবং ইহা কার্যকরী করার ব্যাপারে সচেষ্ট হবে।	গৃহীত পদক্ষেপ কমিশনকে ৩০ এপ্রিল, ২০১২ তারিখের মধ্যে অবহিত করতে হবে।	বিওবি বিভাগীয় প্রধানগণ ৫% হারে বিলম্ব পরিশোধ মাশুল ধার্য সংক্রান্ত এবং মাসান্তে সংযোগ বিচ্ছিন্নের বিষয় বিলে উল্লেখ পূর্বক কার্যকরী ব্যবস্থা DGM (ICT) বরাবর ১০ই এপ্রিলের মধ্যে প্রেরণ করবেন এবং DGM (ICT) নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে প্রেরণ করবেন।	
৫।	ক)	কমিশন কর্তৃক নির্ধারিত নতুন বিদ্যুৎ মূল্য ডেসকো'র রাজস্ব আয়ে কি ছাপ রাখছে তার ষান্মাসিক বিবরণ কমিশনে প্রেরণ।	জানুয়ারী-জুন ২০১২ সময়ের প্রথম ষান্মাসিক প্রতিবেদন কমিশনে দাখিল ৩০ আগষ্ট, ২০১২ এর মধ্যে। প্রতি ষান্মাস সমাপ্তির পরবর্তী দু'মাসের মধ্যে যাচিত ষান্মাসিক প্রতিবেদন কমিশনে দাখিল করতে হবে।	বিওবি বিভাগীয় প্রধানগণ DGM (ICT) বরাবর জুলাই মাসের মধ্যে তথ্য প্রেরণ করবেন এবং DGM (ICT) নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে তথ্য প্রেরণ করবেন।	ষান্মাসিক ভিত্তিতে দাখিল করতে হবে।
	খ)	গ্রাহক সেবার মনোন্নয়নে কি পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে এবং তাতে গ্রাহক কি ধরনের সুবিধা পাচ্ছে তার ষান্মাসিক বিবরণ কমিশনে প্রেরণ।	জানুয়ারী-জুন ২০১২ সময়ের প্রথম ষান্মাসিক প্রতিবেদন কমিশনে দাখিল ৩০ আগষ্ট, ২০১২ এর মধ্যে। প্রতি ষান্মাস সমাপ্তির পরবর্তী দু'মাসের মধ্যে যাচিত ষান্মাসিক প্রতিবেদন কমিশনে দাখিল করতে হবে।	বিওবি বিভাগীয় প্রধানগণ DGM (ICT) বরাবর জুলাই মাসের মধ্যে তথ্য প্রেরণ করবেন এবং DGM (ICT) নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে তথ্য প্রেরণ করবেন।	ষান্মাসিক ভিত্তিতে দাখিল করতে হবে।
	গ)	মূল্যবৃদ্ধি বিদ্যুৎ সেবাদানের কাজে জড়িত সংস্থা (ডেসকো) ও গ্রাহকদের কি দৃশ্যমান অবদান রাখছে তা স্বচ্ছতার সাথে জনসাধারণের জ্ঞাতার্থে প্রচার	গৃহীত পদক্ষেপ কমিশনকে ৩০ এপ্রিল, ২০১২ তারিখের মধ্যে অবহিত করতে হবে।	বিওবি বিভাগীয় প্রধানগণ DGM (ICT) বরাবর ১০ই এপ্রিলের মধ্যে তথ্য প্রেরণ করবেন এবং DGM (ICT) নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে তথ্য প্রেরণ করবেন।	
৬।		ডেসকো'র খুচরা বিদ্যুৎ মূল্যহার বৃদ্ধি সংক্রান্ত কমিশন কর্তৃক ইতোপূর্বে জারীকৃত বিইআরসি আদেশ নং-২০০৯/০৩, তারিখ ঃ ২৩ এপ্রিল, ২০০৯ এবং বিইআরসি আদেশ নং-২০১০/০১, তারিখ ঃ ০২ এপ্রিল, ২০১০ এর অসম্পাদিত নির্দেশনাসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।	অসম্পাদিত নির্দেশনা সমূহ বাস্তবায়নের অগ্রগতি কমিশনকে ৩০ এপ্রিল, ২০১২ তারিখের মধ্যে অবহিত করতে হবে।	বিওবি বিভাগীয় প্রধানগণ DGM (ICT) বরাবর ১০ই এপ্রিলের মধ্যে অসম্পাদিত কাজের তথ্য প্রেরণ করবেন এবং DGM (ICT) নির্ধারিত সময়ের মধ্যে কমিশনে তথ্য প্রেরণ করবেন।	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

২১/৩/১২

প্রকৌঃ মোঃ আরজাদ হোসেন
পরিচালক (অপারেশন)।

অনুলিপি ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক।
২। পরিচালক (প্রকৌশল/অর্থ ও হিসাব)।
৩। মহাব্যবস্থাপক (নেটওয়ার্ক অপারেশন)।
৪। উপ-মহাব্যবস্থাপক, এসএন্ডডি অপারেশন (গুলশান / উত্তরা / মিরপুর - জোন) / আইসিটি
৫। ব্যবস্থাপক, বিওবি বিভাগ (আগাঁরগাও / মনিপুর / পল্লবী / কাফরুল / শাহআলী / রূপনগর / গুলশান / বারিধারা / দক্ষিণখান/ উত্তরা / টঙ্গী-পূর্ব / টঙ্গী-পশ্চিম)।

(৪–৫) কার্যার্থে

৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

গণ-বিজ্ঞপ্তি

নং ঃ বিইআরসি/ট্যারিফ/বিতরণ(ডেসকো)-০৫/(অংশ-০১)/২০১০-১১/২৮০৪ তারিখ ঃ ২২ ডিসেম্বর ২০১১

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) কর্তৃক বিভিন্ন গ্রাহকশ্রেণীকে সরবরাহকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার, সার্ভিস চার্জ এবং ডিমাণ্ড চার্জ নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করছে ঃ

ক্রমিক নং	গ্রাহকশ্রেণী	অনুমোদিত খুচরা বিদ্যুৎ মূল্যহার টাকা/কি.ও.ঘ.		অনুমোদিত সার্ভিস চার্জ এবং ডিমাণ্ড চার্জ (০১ ডিসেম্বর ২০১১ থেকে কার্যকরী)	
		প্রথম দফা	দ্বিতীয় দফা		
		০১ ডিসেম্বর ২০১১ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকরী	০১ ফেব্রুয়ারি ২০১২ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকরী	সার্ভিস চার্জ (টাকা/মাস)	ডিমাণ্ড চার্জ (টাকা/কি.ও./মাস)
১	২	৩	৪	৫	৬
(১)	শ্রেণী-এ ঃ আবাসিক (ক) প্রথম ধাপ ঃ ০০-১০০ ইউনিট (খ) দ্বিতীয় ধাপ ঃ ১০১-৪০০ ইউনিট (গ) তৃতীয় ধাপ ঃ ৪০০ ইউনিটের অধিক	 ২.৭৩ ৩.৮১ ৬.৮৮	 ২.৮৭ ৪.০৪ ৭.৩৩	১ ফেজ: ১০.০০ ৩ ফেজ: ৩০.০০	১৫.০০
(২)	শ্রেণী-বি ঃ কৃষিকাজে ব্যবহৃত পাম্প	২.০৩	২.১৩	৩০.০০	৪০.০০ (অনুমোদিত চাহিদা ৩০ কি.ও. এর উর্দ্ধের ক্ষেত্রে প্রযোজ্য)
(৩)	শ্রেণী-সি ঃ ক্ষুদ্র শিল্প (ক) ফ্ল্যাট (খ) অফ-পীক সময়ে (গ) পীক সময়ে	 ৫.২৭ ৪.৪১ ৬.৭৫	 ৫.৬৭ ৪.৮৬ ৬.৯০	৭০.০০	৪০.০০ (অনুমোদিত চাহিদা ৪০ কি.ও. এর উর্দ্ধের ক্ষেত্রে প্রযোজ্য)
(৪)	শ্রেণী-ডি ঃ অনাবাসিক বাতি ও বিদ্যুৎ	৩.৫২	৩.৬৯	১ ফেজ: ১০.০০ ৩ ফেজ: ৩০.০০	২০.০০
(৫)	শ্রেণী-ই ঃ বাণিজ্যিক ও অফিস (ক) ফ্ল্যাট (খ) অফ-পীক সময়ে (গ) পীক সময়ে	 ৬.৮০ ৫.২৩ ৯.৩১	 ৭.৩৩ ৫.৮৮ ৯.৬৬	১ ফেজ: ১০.০০ ৩ ফেজ: ৩০.০০	২৫.০০
(৬)	শ্রেণী-এফ ঃ মধ্যমচাপ সাধারণ ব্যবহার (১১ কেভি) (ক) ফ্ল্যাট (খ) অফ-পীক সময়ে (গ) পীক সময়ে	 ৫.১৪ ৪.৪০ ৭.৫৫	 ৫.৫৫ ৪.৮৬ ৭.৬০	৪০০.০০	৪৫.০০ (সর্বোচ্চ চাহিদার জন্য)
(৭)	শ্রেণী-এইচ ঃ উচ্চচাপ সাধারণ ব্যবহার (৩৩ কেভি) (ক) ফ্ল্যাট (খ) অফ-পীক সময়ে (গ) পীক সময়ে	 ৪.৮৮ ৪.৩০ ৭.৩৪	 ৫.২৮ ৪.৭৮ ৭.৪৪	৪৫০.০০	৪০.০০ (সর্বোচ্চ চাহিদার জন্য)

ক্রমিক নং	গ্রাহকশ্রেণী	অনুমোদিত খুচরা বিদ্যুৎ মূল্যহার টাকা/কি.ও.ঘ.		অনুমোদিত সার্ভিস চার্জ এবং ডিমাণ্ড চার্জ (০১ ডিসেম্বর ২০১১ থেকে কার্যকরী)	
		প্রথম দফা	দ্বিতীয় দফা		
		০১ ডিসেম্বর ২০১১ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকরী	০১ ফেব্রুয়ারি ২০১২ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকরী	সার্ভিস চার্জ (টাকা/মাস)	ডিমাণ্ড চার্জ (টাকা/কি.ও./মাস)
১	২	৩	৪	৫	৬
(৮)	শ্রেণী-জে ঃ রাস্তার বাতি ও পানির পাম্প	৪.৯০	৫.২৮	২১০.০০	৪০.০০

২। অনুমোদিত উক্ত খুচরা বিদ্যুৎ মূল্যহার (টাকা/কি.ও.ঘ.) প্রথম দফায় ০১ ডিসেম্বর ২০১১ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে এবং দ্বিতীয় দফায় ০১ ফেব্রুয়ারি ২০১২ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকর হবে।

৩। সকল গ্রাহকশ্রেণীর ক্ষেত্রে বিদ্যমান ন্যূনতম চার্জ অপরিবর্তিত থাকবে।

৪। সকল গ্রাহকশ্রেণীর ক্ষেত্রে এককালীন ৫% হারে বিলম্ব-পরিশোধ মাশুল প্রযোজ্য হবে। বিলম্ব-পরিশোধ মাশুলের ওপর আর কোন মাশুল প্রযোজ্য হবে না।

৫। অনুমোদিত সার্ভিস চার্জ, ডিমাণ্ড চার্জ ও বিলম্ব-পরিশোধ মাশুল ০১ ডিসেম্বর ২০১১ থেকে বিদ্যুৎ ব্যবহারের জন্য প্রণীত মাসিক বিদ্যুৎ বিল থেকে কার্যকর হবে।

৬। সকল গ্রাহকশ্রেণীর ক্ষেত্রে প্রচলিত মূল্য সংযোজন করসহ খুচরা বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য বিদ্যমান অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৭। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

২২/১২/১১

আবদুল খালেক
সচিব